

■■ কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জান্নাতের নদ-নদী

আল্লাহ তা'আলা বলেন.

"নিশ্চয় যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে, নিশ্চয় আমরা এমন কারো প্রতিদান নষ্ট করব না, যে সু-কর্ম করেছে। এরাই তারা, যাদের জন্য রয়েছে স্থায়ী জান্নাতসমূহ, যার নিচ দিয়ে প্রবাহিত হয় নদীসমূহ। সেখানে তাদেরকে অলংকৃত করা হবে স্বর্ণের চুড়ি দিয়ে এবং তারা পরিধান করবে মিহি ও পুরু সিল্কের সবুজ পোশাক। তারা সেখানে (থাকবে) আসনে হেলান দিয়ে। কী উত্তম প্রতিদান এবং কী সুন্দর বিশ্রামস্থল"! [সূরা আল-কাহফ, আয়াত: ৩০-৩১]

مَّثَلُ ٱللَّجَنَّةِ ٱلَّتِي وُعِدَ ٱلكَمُتَّقُونَ؟ فِيهَا أَنكَهُر؟ مِّن مَّآءٍ غَيكِرِ ءَاسِن وَأَنكَهُر؟ مِّن لَّبَن لَّمِ؟ عَعَدُ وَأَنكَهُر؟ مِّن عَسَل مُّصَفَّى؟ وَلَهُم؟ فِيهَا مِن كُلِّ ٱلتَّمَرُّتِ وَمَعْكَفُرَة؟ مِّن وَأَنكَهُر؟ مِّن؟ عَسَل مُّصَفَّى؟ وَلَهُم؟ فِيهَا مِن كُلِّ ٱلتَّمَرُّتِ وَمَعْكَفُرة؟ مِّن وَأَنكَهُر؟ مَّن؟ هُوَ خُلِد؟ فِي ٱلنَّارِ وَسُقُواْ مَآءً حَمِيمًا فَقَطَّعَ أَماكَآ عَهُم؟ ٥٠ ﴾ [محمد: ١٥

"মুত্তাকীদেরকে যে জান্নাতের ওয়াদা দেওয়া হয়েছে তার দৃষ্টান্ত হলো, তাতে রয়েছে নির্মল পানির নহরসমূহ, দুধের ঝর্নাধারা, যার স্বাদ পরিবর্তিত হয় নি, পানকারীদের জন্য সুস্বাদু সুরার নহরসমূহ এবং আছে পরিশোধিত মধুর ঝর্নাধারা। তথায় তাদের জন্য থাকবে সব ধরনের ফলমূল আর তাদের রবের পক্ষ থেকে ক্ষমা। তারা কি তাদের ন্যায়, যারা জাহান্নামে স্থায়ী হবে এবং তাদেরকে ফুটন্ত পানি পান করানো হবে ফলে তা তাদের নাড়িভুঁড়ি ছিন্ন-বিচ্ছিন্ন করে দিবে?" [সুরা মুহাম্মাদ, আয়াত: ১৫]

Source — https://www.hadithbd.com/books/link/?id=13567

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন